

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মোজার উপর মাসাহ্

চামড়া বা কাপড়ের (সুতি বা নাইলনের) মোজার উপর মাসাহ্ বহু সংখ্যক হাদীস দ্বারা প্রমাণিত। সাহাবী জারীর (রাঃ) (যিনি ওযুর আয়াত অবতীর্ণ হওয়ার পর ইসলাম গ্রহণ করেন তিনি) বলেন, 'আমি দেখেছি, আল্লাহর রসূল (ﷺ) পেশাব করার পর ওযু করলেন এবং নিজের (চামড়ার) মোজার উপর মাসাহ্ করলেন।' (মুসলিম, সহীহ ২৭২নং)

মুগীরাহ্ বিন শো'বাহ্ (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, আল্লাহর রসূল (ﷺ) ওযুর পর (সুতির) মোজা ও জুতোর উপর মাসাহ্ করেছেন। (আবূদাউদ, সুনান ১৫৯, ইবনে মাজাহ্, সুনান, তিরমিযী, সুনান, আহমাদ, মুসনাদ, মিশকাত ৫২৩নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2778

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন